# বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি

কোটবাড়ী, কুমিল্লা

**জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে বার্ডে গঠিত নৈতিকতা কমিটির ২য় সভার কার্যবিবরণী ২০২১-২০২২**

তারিখ: ০৮ নভেম্বর ২০২১ খ্রিস্টাব্দ
সময়: সকাল ১০:০০ টা
স্থান: মহাপরিচালক মহোদয়ের অফিস কক্ষ

**সভাপতি: জনাব মোঃ শাহজাহান, মহাপরিচালক, বার্ড।**

**উপস্থিত সদস্যবৃন্দ:**

১। মোঃ সফিকুল ইসলাম, অতিরিক্ত মহাপরিচালক, বার্ড;
২। জনাব রঞ্জন কুমার গুহ, পরিচালক (পল্লী শিক্ষা ও সমাজ উন্নয়ন), বার্ড;
৩। জনাব আবদুল্লাহ আল হুসাইন, যুগ্ম-পরিচালক (পল্লী ব্যবসা ব্যবস্থাপনা), বার্ড;
৪। জনাব আবু তালেব, যুগ্ম-পরিচালক (উন্নয়ন যোগাযোগ), বার্ড;
৫। জনাব ফারুক হোসেন, সহকারী পরিচালক (ক্রীড়া), বার্ড।

বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি (বার্ড) এর শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২০২২ অনুযায়ী একাডেমির নৈতিকতা কমিটির দ্বিতীয় সভা অদ্য ০৮/১১/২০২১ খ্রিস্টাব্দ সকাল ১০:০০ টায় মহাপরিচালক, বার্ড মহোদয়ের সভপতিত্বে তাঁর অফিস কক্ষে অনুষ্ঠিত হয়। মহাপরিচালক, বার্ড এবং নৈতিকতা কমিটির সভাপতি উপস্থিত সকল সদস্যকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি গত ২৪/০৮/২০২১ তারিখে অনুষ্ঠিত ২০২১-২০২২ অর্থবছরের ১ম সভার কার্যবিবরণী পঠন শেষে কমিটির সকল সদস্যদের সম্মতিতে তা অনুমোদন করেন। একই সাথে মহাপরিচালক মহোদয় পূর্ববর্তী সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করেন। মহাপরিচালক বলেন, অদ্যকার সভায় বার্ডের অনুমোদিত শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২০২২ এর বিভিন্ন কার্যক্রম বাস্তবায়ন বিষয়ক আলোচনা ছাড়াও গত ১২/১০/২০২১ তারিখ পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ কর্তৃক আয়োজিত ফিডব্যাক সভার সুপারিশ অনুযায়ী বার্ডের ২০২১-২০২২ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনায় কিছু সংশোধন/পরিবর্তন করতে হবে। এ পর্যায়ে কমিটির সদস্য-সচিব জনাব আবদুল্লাহ আল হুসাইন ২০২১-২০২২ এর কর্মপরিকল্পনার প্রযোজ্য কার্যক্রম অনুযায়ী আলোচনার বিষয়সমূহ উপস্থাপন করেন। বিশদ আলোচনা এবং সম্মানিত সদস্যদের মতামতের প্রেক্ষিতে প্রথম সভায় নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়ঃ

**(১) বার্ডের ২০২১-২০২২ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার নির্ধারিত কার্যক্রমের উপর আলোচনাঃ**

| শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২০২২ এ বর্ণিত কার্যক্রমের অনুক্রম ও নাম | সভার আলোচনা ও গৃহীত সিদ্ধান্ত | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/বিভাগ/শাখা |
|---|---|---|
| ১.৩। সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা | দ্বিতীয় কোয়ার্টারের অংশীজনের সভা আগামী ডিসেম্বর মাসে একাডেমির কর্মকর্তা-কর্মচারী, প্রকল্পের সুফলভোগী, চলমান প্রশিক্ষণ কোর্সসমূহের প্রশিক্ষণার্থী, গণমাধ্যমকর্মী এবং সিভিল সোসাইটির প্রতিনিধিদের নিয়ে আয়োজন করা হবে। | শুদ্ধাচার ফোকাল পয়েন্ট |
| ১.৫ (গ) টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল বিনষ্টকরণ সংক্রান্ত: অকেজো মালামালের নিলাম আয়োজন | অকেজো মালামাল থাকা সাপেক্ষে যথাসময়ে (আগামী ৩১/১২/২০২১ তারিখের মধ্যে) নিলাম আয়োজন করার জন্য সংশ্লিষ্টদের অনুরোধ করতে হবে। | পরিচালক (প্রশাসন), নিলাম কমিটির সভাপতি এবং স্টোর শাখা |

**(২) বার্ডের ২ শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা (২০২১-২০২) এ পরিবর্তন আনয়ন সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্তঃ**

গত ১২/১০/২০২১ তারিখ পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ কর্তৃক আয়োজিত ফিডব্যাক সভার সুপারিশ অনুযায়ী বার্ডের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২০২২ এর ৩ নং কার্যক্রমে (শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রম) নিম্নোক্ত পরিবর্তন সাধন করা হয়েছেঃ

| পুর্বের কার্যক্রম | সংশোধিত কার্যক্রম | বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/পদ | বাস্তবায়ন পদ্ধতি |
|---|---|---|---|
| (৩.২) একাডেমির কাজের স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণে তথা অংশগ্রহণমূলক পরিকল্পনা প্রণয়নে বার্ষিক পরিকল্পনা ও মূল্যায়ন সম্মেলন আয়োজন | (৩.২) অভ্যন্তরীণ গণশুনানী আয়োজন | পরিচালক (প্রশাসন) | একাডেমির বিভিন্ন শাখার সেবার মানোন্নয়নে প্রশাসন বিভাগ নিয়মিত অভ্যন্তরীণ গণশুনানী আয়োজন করবে। |
| (৩.৪) হোস্টেল ও বাগান শাখায় পণ্য ও সেবা গ্রহীতার নিকট হতে আদায়কৃত অর্থের বিপরীতে রশিদ প্রদান নিশ্চিতকরণ | (৩.৪) একাডেমির বিভিন্ন গবেষণা প্রকাশনায় (পুস্তক ও জার্নাল) চৌর্যবৃত্তি (Plagiarism) রোধকল্পে স্টান্ডার্ড সফটওয়্যার এর ব্যবহার নিশ্চিতকরণ | পরিচালক (গবেষণা) | (১) গবেষণা বিভাগ একাডেমির গবেষণা প্রকাশনায় চৌর্যবৃত্তি (Plagiarism) রোধকল্পে একটি স্টান্ডার্ড সফটওয়্যার এর ব্যবহার নিশ্চিত করবে এবং এ সংক্রান্ত একটি নীতিমালা প্রণয়ন করবে।<br>(২) প্রকাশনার জন্য নির্বাচিত গবেষণাসমূহের Plagiarism সংক্রান্ত প্রতিবেদন গবেষণা বিভাগ সংরক্ষণ করবে এবং প্রমাণক হিসেবে কোয়ার্টারভিত্তিক তা নৈতিকতা কমিটির নিকট প্রেরণ করবে। |
| ৩.৫ সম্পদের সুষ্ঠু ব্যবহার ও রক্ষণাবেক্ষণের স্বার্থে বিভিন্ন শাখার মালামালের ভৌত মজুদ পরীক্ষণ | (৩.৫) একেডেমির বিভিন্ন প্রশিক্ষণ কোর্সে প্রশিক্ষণার্থী কর্তৃক বক্তা মূল্যায়ন এবং মূল্যায়নের ভিত্তিতে বক্তাদের ফিডব্যাক প্রদান নিশ্চিতকরণ | পরিচালক (প্রশিক্ষণ) | (১) প্রশিক্ষণ বিভাগ নিয়মিতভাবে বক্তাদের মূল্যায়ন বিশ্লেষণের কাজটি পরিবীক্ষণ করবে এবং প্রমাণক হিসেবে একটি প্রতিবেদন আকারে কোয়ার্টারভিত্তিক তা নৈতিকতা কমিটির নিকট প্রেরণ করবে।<br>(২) কোনো প্রশিক্ষক কোনো বিষয়ে 'অসন্তোষজনক' মূল্যায়ন (৫ এর মধ্যে ৩ এর কম) পেলে প্রশিক্ষণ বিভাগ চিঠির মাধ্যমে বক্তাকে তা অবহিত করবে এবং মানোন্নয়নে পরামর্শ প্রদান করবে। |

উল্লিখিত পরিবর্তনসমূহের আলোকে বার্ডের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২০২২ সংশোধন করার সিদ্ধান্ত গৃহীত হয় এবং অর্থবছরের ৩য় কোয়ার্টার হতে সংশোধিত কার্যক্রমসমূহ বাস্তবায়নের সময়কাল নির্ধারণ হয়।

অতঃপর আর কোন আলোচ্যসূচী না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

০৮/১১/২০২১

(আবদুল্লাহ আল হুসাইন)
যুগ্ম-পরিচালক (পল্লী ব্যব. ব্যবস্থাপনা)
এবং সদস্য-সচিব, নৈতিকতা কমিটি

(মোঃ শাহজাহান)
মহাপরিচালক, বার্ড এবং
সভাপতি, নৈতিকতা কমিটি

**বিতরণ**

১. পরিচালক (সকল), বার্ড;
২. কমিটির সকল সদস্য, বার্ড;
৩. সংশ্লিষ্ট কর্মকর্তাগণ;
৪. মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী—মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য;
৫. অতিরিক্ত মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী-অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য;
৬. অফিস কপি।